# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ৩২. ঈশ্বরের ক্রোধ অস্থায়ী না চিরস্থায়ী

এ বিষয়ে বাইবেল পরস্পর বিরোধী কথা বলেছে। যিরমিয়/  ইয়ারমিয়া ৩/১২ শ্লোকে ঈশ্বর বলছেন যে তাঁর ক্রোধ চিরস্থায়ী নয়, বরং অস্থায়ী: ‘‘যেহেতু আমি দয়াবান, মাবুদ এই কথা বলেন, আমি চিরকাল ক্রোধ রাখবো না (for I am merciful, saith the LORD, and I will not keep anger for ever)।’’ (মো.-১৩)

কিন্তু যিরমিয় ১৭/৪ শ্লোকে ঈশ্বর বলছেন যে, তাঁর ক্রোধ চিরস্থায়ী: ‘‘কারণ তোমরা আমার ক্রোধের আগুন জ্বালিয়েছ, তা চিরকাল জ্বলতে থাকবে (for ye have kindled a fire in mine anger, which shall burn for ever)।’’ (মো.-১৩)

এভাবে আমরা দেখছি যে, বাইবেলের একটা পুস্তকেই সাংঘর্ষিক কথা বিদ্যমান।

‘খ্রিষ্টান মৌলবাদীরা আপনাকে যা জানতে দিতে চায় না: বাইবেলীয় ভুলভ্রান্তির একটা সংক্ষিপ্ত সমীক্ষা’ (What The Christian Fundamentalist Doesn't Want You To Know: A Brief Survey of Biblical Errancy) প্রবন্ধে স্কট বিডস্ট্রাপ (Scott Bidstrup) উল্লেখ করেছেন যে, খ্রিষ্টান প্রচারকরা দাবি করেন, প্রথম বক্তব্যে ঈশ্বর উত্তর ফিলিস্তিনের শমরীয় বা ইসরাইল রাজ্য সম্পর্কে বলেছেন যে, তাদের জন্য তাঁর ক্রোধ অস্থায়ী। আর পরবর্তী উদ্ধৃতিতে ঈশ্বর ইহুদিদের দ্বিতীয় রাজ্য দক্ষিণ ফিলিস্তিনের যিহূদা রাজ্যের জন্য বলেছেন যে, তাঁর ক্রোধ তাদের জন্য চিরস্থায়ী। যেহেতু দুটো ভিন্ন রাজ্যের জন্য ঈশ্বর দুটো ভিন্ন বক্তব্য দিয়েছেন সেহেতু এটাকে বৈপরীত্য বলা যায় না। এ প্রসঙ্গে স্কট বিডস্ট্রাপ বলেন:

“If one accepts that God is speaking to one nation in one scripture and to the other in the remaining scripture, it implies that God is certainly, if nothing else, discriminatory. Forever is a long time, and to curse Judah forever and forgive Israel at minimum shows God to be a discriminatory god, even to those under his "covenant." Again, does this fit the definition of omnibenevolence? And where is there justice in an infinite punishment for a finite crime?”

‘‘যদি কেউ মেনে নেন যে, ঈশ্বর এক জাতির সাথে এক ঐশ্বরিক বাণী ও এবং অন্য জাতির সাথে অন্য ঐশ্বরিক বাণীতে কথা বলেন তবে এটা প্রমাণ করে যে, নিশ্চিতভাবে ঈশ্বর আর কিছু না হলেও কমপক্ষে তিনি বৈষম্যকারী ও পক্ষপাতদুষ্ট। ‘চিরকাল’ অর্থ সুদীর্ঘ সময়। এহূদা/ এহুদিয়া বা যিহূদা রাজ্যকে ‘চিরকালের জন্য’ অভিশপ্ত করা এবং ইসরাইলকে ক্ষমা করার মাধ্যমে ন্যূনতম যে বিষয় প্রমাণ হয় তা হল ঈশ্বর একজন বৈষম্যকারী দেবতা। এমনকি যে (ইহুদি) জাতি তাঁর  ‘নিয়ম’ বা ‘সন্ধি’-র অধীন সে জাতির সাথেও তিনি বৈষম্যমূলক আচরণ করেন। এ ছাড়া ঈশ্বরের চিরন্তন ও সর্বব্যাপী মঙ্গলময়তা ও কল্যাণময়তার সাথে কি এটা সঙ্গতিপূর্ণ? আর সীমিত পাপের জন্য অসীম শাস্তির মধ্যে কি কোনো ন্যায়বিচার আছে?’’[1]

## ফুটনোট

[1] http://www.bidstrup.com/bible2.htm

Source — https://www.hadithbd.com/books/link/?id=13989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন